সিলেট -৬ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিলেন সরওয়ার হোসেন

চেম্বার ডেস্ক : আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচনে সিলেট -৬ (গোলাপগঞ্জ -বিয়ানীবাজার) আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিলেন কানাডা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি , সিলেট জেলা আওয়ামী লীগের সদস্য এবং দৈনিক শুভ প্রতিদিনের প্রকাশক ও সম্পাদক সরওয়ার হোসেন।

বৃহস্পতিবার (৩০ নভেম্বর) দুপুরে তিনি রিটার্নিং কর্মকর্তা ও সিলেট জেলা প্রশাসকের কাছে মনোনয়নপত্র জমা দেন। এ সময় গোলাপগঞ্জ -বিয়ানীবাজার আওয়ামী অঙ্গ ও সহযোগি সংগঠনের নেতৃবৃন্দসহ সর্বস্তরের বিপুল সংখ্যক নেতাকর্মি ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি